



037

আজ দূরশিক্ষণ বি এড কোর্সের পরীক্ষা

।। স্টাফ রিপোর্টার ।।

আজ সারা দেশব্যাপী দূরশিক্ষণে বি এড কোর্সের প্রথম দলের দ্বিতীয় সেমিষ্টার পরীক্ষা ও প্রথম সায়ার স্কুল শুরু হচ্ছে। দেশের ১০টি শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রে প্রায় ২ হাজার ৭শ' ৭০ জন মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক এ পরীক্ষায় অংশগ্রহণ করবেন। পরীক্ষা শেষ হওয়ার ২ সপ্তাহের মধ্যে দ্বিতীয় সেমিষ্টার পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে বলে বাইড কৃতপক্ষ জানিয়েছেন।

গত বছর জুলাই মাসে সারা দেশ থেকে ৩ হাজার ২শ' ১১ জন শিক্ষক শিক্ষিকাকে দূরশিক্ষণে বি-এড কোর্সে ভর্তি করা হয় এবং ডিসেম্বরের শেষ সপ্তাহে প্রথম সেমিষ্টার পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ৩ সপ্তাহের মধ্যে প্রথম সেমিষ্টার পরীক্ষার ফলাফল ঘোষিত হয়। প্রথম সেমিষ্টার পরীক্ষায় পাশের হার ছিল শতকরা ৭৩ এবং সান্নিমেটারী পরীক্ষায় পাশের হার শতকরা ৯০তে উন্নিত হয়।